



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/6/2023

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল ম্যারাথনের রবিবার রেকর্ড সংখ্যক সাবওয়ে যাত্রীর ঘোষণা করলেন

*ম্যারাথন রবিবার সাবওয়ে 2.3 মিলিয়নের বেশি মূল্য পরিশোধকৃত যাত্রা রেকর্ড করেছে, সাবওয়ে এন্ট্রির ক্ষেত্রে OMNY সর্বকালের রেকর্ড স্থাপন করেছে*

*28 অক্টোবর শনিবার সাবওয়েতে শনিবারের রেকর্ডসহ গত 12 মাসের মধ্যে একাধিক MTA এজেন্সি কর্তৃক সেরা সপ্তাহ ঘোষণার এক সপ্তাহ পর এই রবিবারের এই রেকর্ড হলো*

*ম্যারাথনের পর সাবওয়ে সিস্টেমে নিউ ইয়র্কবাসীর ছবি [এখানে](#) দেখা যাবে*

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে 2023 TCS নিউ ইয়র্ক সিটি ম্যারাথনে (TCS New York City Marathon) পৌঁছানোর জন্য নিউ ইয়র্ক সিটি সাবওয়ে ব্যবহার করে নিউ ইয়র্কবাসীরা মহামারী পরবর্তী সময়ের যাত্রা সংখ্যার রেকর্ড করেছে। ম্যারাথনে যারা দৌড়িয়েছে এবং দর্শক সকলেই রবিবারের রেসে যেতে সাবওয়ে ব্যবহার করেছে, যার ফলে 2,304,683 টি মূল্য পরিশোধকৃত যাত্রা রেকর্ড হয়েছে, এটি প্রায় চার বছরের মধ্যে রবিবারের জন্য সর্বোচ্চ। গত বছরের ম্যারাথন রবিবারের তুলনায় রেকর্ডটি 8.8 শতাংশ বৃদ্ধি পেয়েছে, যেখানে 2,118,137 যাত্রী সাবওয়ে ব্যবহার করেছিলো।

"TCS নিউ ইয়র্ক সিটি ম্যারাথনটি একটি প্রতিষ্ঠানের মতন, এবং স্পষ্টতই বিশ্বমানের অ্যাথলেটদের প্রতিযোগিতা করতে দেখার জন্য দৌড়বিদ, বন্ধু ও দর্শকদের জন্য সেরা উপায় হলো সাবওয়ে ব্যবহার করা," **গভর্নর হলো বলেন।** "একের পর এক সপ্তাহে আমরা আমাদের সাবওয়ে, রেলরোড, এবং বাসের যাত্রীসংখ্যার রেকর্ড অতিক্রম করছি কারণ নিরাপত্তা ও সেবায় আমাদের অতি গুরুত্বপূর্ণ বিনিয়োগের কারণে নিউ ইয়র্কবাসীরা গর্বসহকারে সিস্টেমে ফেরত আসছে।"

ম্যারাথন রবিবারে, সাবওয়েতে যাত্রার জন্য যাত্রীরা OMNY এর উপর নির্ভর করেছে, এটি মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষের (Metropolitan Transportation Authority, MTA) স্পর্শবিহীন ভাড়া পরিশোধের ব্যবস্থা। রবিবারের সকল যাত্রীর মধ্যে 58.5 শতাংশ OMNY ব্যবহার করেছে, যা 28 অক্টোবর, শনিবার পূর্বের রেকর্ডটি অতিক্রম করেছে, যখন সকল যাত্রীর 56.2 শতাংশের ভাড়া পরিশোধের জন্য ট্যাপ-অ্যান্ড-গো ব্যবহৃত হয়েছিলো।

**MTA প্রধান এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জ্যানো লিবার বলেন,** "নিউ ইয়র্ক সিটির ফেরত আসা যে জীবিত এবং ভালো আছে তা প্রদর্শনের জন্য ম্যারাথন রবিবারের থেকে ভালো আর কিছু হতে পারে না। আমার মেয়েকে দৌড়াতে দেখার জন্য আমি পাঁচবার সাবওয়েতে যাত্রা করেছি এবং প্রতিটি স্টপে আমি নিজে এই উচ্ছ্বাস ও আনন্দ অনুভব করেছি। NYC ট্রানজিট (NYC Transit) দলের প্রতি প্রশংসা রইলো, কয়েক মিলিয়ন ভক্ত ও অ্যাথলেটকে তাদের যেখানে যাওয়া প্রয়োজন সেখানে পৌঁছে দিতে বুদ্ধিমান পরিকল্পনা ও প্রস্তুতির মাধ্যমে তারা সবসময়ের মতো ভালো কাজ দেখিয়েছে।"

ধারাবাহিক দ্বিতীয় সপ্তাহের মতো সাবওয়ে সিস্টেমে একটি সপ্তাহান্তের রেকর্ড হলো। গত শনিবার, **28 অক্টোবর**, সাবওয়েতে 2.7 মূল্য পরিশোধকৃত যাত্রা রেকর্ড করা হয়। বিশেষ করে রবিবারে, গত চার সপ্তাহ ধরে গড়ে 1.9 মিলিয়ন যাত্রী দেখা গেছে।

28 অক্টোবরের রেকর্ডটি 23 অক্টোবর থেকে 29 অক্টোবরের মধ্যকার সময়কালকে একাধিক MTA এজেন্সির জন্য সেরা সাত দিন করতে সাহায্য করেছে। নিউ ইয়র্ক সিটি ট্রানজিট তাদের সাবওয়ে ও অ্যাক্সেস-এ-রাইডের (Access-A-Ride) জন্য গত 12 মাসের মধ্যে সেরা সপ্তাহ দেখেছে। সাবওয়েতে 24.4 মিলিয়ন মূল্য পরিশোধকৃত যাত্রা রেকর্ড করা হয়েছে, এবং অ্যাক্সেস-এ-রাইডে 196,000টি যাত্রা বুক করা হয়েছে।

এছাড়াও উভয় কমিউটার রেলরোডও বিগত 12 মাসের মধ্যে নিজেদের সেরা সপ্তাহ দেখেছে, উভয়ই এখন নিয়মিতভাবে সপ্তাহের দিনে গড়ে কমপক্ষে 200,000 যাত্রী বহন করে। লং আইল্যান্ড রেল রোড (Long Island Rail Road, LIRR) সপ্তাহে 1.4 মিলিয়ন যাত্রী এবং মেট্রো নর্থ রেলরোড (Metro-North Railroad) সপ্তাহে 1.3 মিলিয়ন যাত্রী বহন করেছে। 28 অক্টোবর, শনিবারে, মেট্রো নর্থ গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল (Grand Central Terminal) থেকে কোন্ড স্প্রিংস পর্যন্ত ফল ফলিয়েজ ভক্তদের কাছে 3,010টি টিকেট বিক্রি করেছে, যা কোন্ড স্প্রিংয়ের মোট জনসংখ্যার থেকে বেশি সংখ্যক টিকেট।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)